R. N. No. 2532/57 | Phone No. 66-228, STD 03483 | Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
২৪শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৩ই কার্ত্তিক বুধবার, ১৪০৩ সাল।
৩০শে অক্টোবর, ১৯৯৬ সাল।

নগদ মূল্য : ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## তিন বছরের মধ্যে রঘুনাথগঞ্জে জলপ্রকল্পের কাজ শেষ করতে পারবো—পুরপতি

নিজস্ব সংবাদদাতা : গত ১৬ অক্টোবর জঙ্গিপুর পৌরসভার জঙ্গিপুরে 'এ' জোনের জল সরবরাহের কাজ উদ্বোধন হওয়ার পরিপ্রেক্ষিতে পৌরসভার ৬০% অংশে বিশুদ্ধ পানীয় জল পাওয়ার অসুবিধা দূর হলো। বাকী রঘুনাথগঞ্জ শহরে 'বি' জোনের এই প্রকল্পের কাজ মাঝ পথে থেমে থাকায় ৪০% অংশের জল সরবরাহের প্রশ্নে বিতর্ক দেখা দেয়। এ প্রসঙ্গে আমাদের প্রতিনিধিদ্বয় পৌরপতির সঙ্গে সাক্ষাৎ করে কবে নাগাদ বি জোনের কাজ শেষ হবে ও কি কারণে মাঝ পথে এই কাজ বন্ধ হয়ে যায় প্রশ্ন রাখেন। এর উত্তরে পৌরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য জানান,—দুটি জোনের কাজই একটু আগে পরে একই ঠিকাদারের হাতে আরম্ভ হয়। 'এ' 'বি' দুটি জোনেরই রিজার্ভার অর্থাৎ ট্যাঙ্কির কাজ শেষও হয়। কিন্তু মাঝ পথে মুর্শিদাবাদের মাটির নীচের জলস্তরে আর্সেনিক ধরা পড়লে ডিপওয়েল মারফৎ জল তোলার কাজ সরকার স্থগিতের সিদ্ধান্ত নেন ও গঙ্গার উপর স্তরের জল শোধন করে রিজার্ভারে ষ্টোর করে পানীয় জল সরবরাহের ব্যবস্থা করতে নির্দেশ দেন। সেই পরিপ্রেক্ষিতে গঙ্গা থেকে জল তুলে শোধনের পরিকল্পনা নেওয়ায় এবং 'বি' জোনের রিজার্ভার থেকে গঙ্গার দূরত্ব বেশী হওয়ায় নতুন করে চিন্তা ভাবনা শুরু হয়। ফলে গঙ্গার নিকটবর্তী ট্যাঙ্কি 'এ' জোনের জল পাবার সুবিধা থাকায় 'এ' জোনের ওয়াটার ট্রিটমেণ্ট প্ল্যাণ্টের কাজ চলতে থাকে। এবং কাজ দ্রুত শেষ হয়। কিন্তু 'বি' জোনের জন্য নতুন পরিকল্পনা নিতে হয়। 'বি' জোনের জলের পাইপ লাইনের কাজ জল ট্যাঙ্কি থেকে ফাঁসিতলার পুরোনো হাসপাতাল ( ২য় পৃষ্ঠায় )

## মিড-ডে মিল ও ক্ষেতমজুরদের চাল বিতরণ নিয়ে বিস্তর অভিযোগ

দিবাকর ঘোষ : ফরাক্কা ব্লকের ৯টি গ্রাম পঞ্চায়েতে গত মাস থেকে প্রাথমিক স্কুলগুলিতে মিড-ডে মিল কর্মসূচীতে চাল বিতরণ শুরু হয়েছে। কিন্তু প্রথম থেকেই এ বিষয়ে বিস্তর অভিযোগ পাওয়া যাচ্ছে। ছাত্র পিছু ৩ কিলো চাল বরাদ্দ হলেও অনেক স্কুলেই আড়াই কিলো বা পৌনে তিন কিলো করে চাল দেওয়া হয়েছে। ব্লক অফিস থেকে পঞ্চায়েত প্রধানদের ছাত্র পিছু তিন কিলো করে চাল মেপে দেওয়া হলেও এই ব্লকের বেনিয়াগ্রাম পঞ্চায়েতে স্কুলগুলিকে আড়াই কিলো হারে চাল দেওয়ায় প্রধান শিক্ষকরা ক্ষুদ্ধ। বিষয়টি তাঁরা কর্তৃপক্ষের নজরে আনলে এ মাসের চাল সরাসরি স্কুলগুলিকে দেওয়া হয়েছে। গত ১৪ অক্টোবর থেকে এ মাসের চাল দেওয়া শুরু হয়েছে। তা সত্ত্বেও ছাত্র-ছাত্রীদের কম ও নিম্নমানের চাল সরবরাহের অভিযোগ উঠেছে। অন্যদিকে এ মাসের প্রথম সপ্তাহ থেকে এই ব্লকে ক্ষেতমজুরদের লাল চাল দেওয়া শুরু হলেও অনেক ক্ষেত্রেই এই চাল ক্ষেতমজুররা পাচ্ছেন না বলে অভিযোগ। কোনো কোনো পঞ্চায়েত মানুষের ক্ষোভ সামলাতে ক্ষেতমজুর ছাড়াও অন্যান্যদের তালিকাভুক্ত করেছে। ফলে প্রকৃত প্রাপকদের মাথা পিছু ২০০—৩০০ গ্রাম চাল জুটছে। এ ক্ষেত্রেও বহু জায়গায় নিম্নমানের চাল যা পশু খাদ্যেরও অনুপযোগী বলে অভিযোগ করেন ক্ষেতমজুররা।

## জাতীয় সড়কে দুর্ধর্ষ ডাকাতি

সাগরদীঘি : গত ১৫ অক্টোবর রাতে ৩৪নং জাতীয় সড়কের শিবপুর ও নতুন গাঙাড্ডার মধ্যে বাসে এক দুর্ধর্ষ ডাকাতি হয়। কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণের বালুরঘাটগামী একটি বাসে ( ডব্লু বি ০৪-৯৫২১ ) ৭/৮ জনের একটি ডাকাত দল কলিকাতার ধর্মতলা থেকে যাত্রী সেজে ওঠে ও রাত প্রায় তিনটের সময় যাত্রীদের সর্বস্ব লুঠ করে। ডাকাতির পর বাসটিকে গাঙাড্ডার কাছে ভুরকুণ্ডা ( শেষ পৃষ্ঠায় )

## বহড়া সার্বজনীন দুর্গোৎসব স্থান অধিগৃহীত হচ্ছে

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুরের মহকুমা শাসক এক সাক্ষাৎকারে জানান রঘুনাথগঞ্জ ২ ব্লকের বহড়া সার্বজনীন দুর্গোৎসবের স্থানটি নিয়ে প্রতি বছর গোলমাল হয়। সেই পরিপ্রেক্ষিতে সরকার থেকে ঐ জায়গাটি অধিগ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রত্যেক বছর পুজো কমিটির সঙ্গে অন্য পক্ষের ধারাবাহিক অশান্তির জন্য সরকার এই সিদ্ধান্ত নিতে বাধ্য হচ্ছেন বলে জানা যায়।

## শহরের বুকে গ্রাম্য দলাদলিতে জখম ও বাড়ী ভাঙচুর

রঘুনাথগঞ্জ : গত ২৭ অক্টোবর সকালে কো-অর্ডিনেশনের প্রভাবশালী নেতা ভীষ্ম হালদারের উস্কানীতে একদল যুবক বালিঘাটার জনৈক জীতেন হাজরার বাড়ীতে আক্রমণ চালিয়ে ভাঙচুর করে ও জীতেন ও তার দিদিকে জখম করে বলে অভিযোগ উঠেছে। আহতদের স্থানীয় হাসপাতালে নিয়ে গিয়ে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। ভীষ্ম হালদার এই নিয়ে থানায় একটি অভিযোগ দায়ের করেন। ( শেষ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৩ই কার্তিক বুধবার, ১৪০৩ সাল।

## ॥ ৺বিজয়া ॥

শারদোৎসব অন্তে আমাদের পত্রিকা আবার জনসেবায় তাহার কাজ শুরু করিতেছে।

শুভ ৺বিজয়ার সাদর-সম্ভাষণ, প্রীতি-অভিনন্দন ও হার্দিক শুভেচ্ছা আমরা এই পত্রিকার গ্রাহক, অনুগ্রাহক, পাঠক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ী সকলকেই জানাইতেছি।

'জঙ্গিপুর সংবাদ' ক্ষুদ্র একখানি সাপ্তাহিক পত্রিকা। দীর্ঘকাল সে নিরবচ্ছিন্নভাবে জন-সেবায় নিযুক্ত রহিয়াছে। বহু বিপদের ঝুঁকি লইয়াও সে সত্য প্রকাশ করিতে কোনও দিন বিরত ছিল না। বস্তুত এই পত্রিকার প্রতিষ্ঠাতা ও সম্পাদক স্বর্গত দাদাঠাকুর সাংবাদিকতার যে আদর্শে আমাদিগকে অনুপ্রাণিত করিয়াছেন, আমরা তাঁহার সেই আকোকবর্তিকা বহন করিবার প্রয়াস পাইতেছি। আমাদের চলার পথে তাঁহার শুভাশিস্ একান্তভাবে কামনা করি।

পরিশেষে মা জগজ্জননীর নিকট প্রার্থনা: ''সর্বেষাং মঙ্গলং ভূয়াৎ''।

## ॥ অশালীন ॥

"মারো শালোঁ কো।" বা "ভাগাও হিঁয়াসে।" অথবা "কুচল ডালো ইনকো।" —যাহার নির্গলিতার্থঃ শালাদের মারো, তাড়াইয়া দাও, ইহাদের পদপিষ্ট কর। এই অনুজ্ঞা সমাজে প্রতিষ্ঠিত ব্যক্তিত্বদের, যাঁহারা রাজনৈতিকভাবে নানা গুরুত্ব লাভ করিয়াছেন; কেহ বা মন্ত্রীত্বও করিয়াছেন।

যাঁহাদের বিরুদ্ধে এই বিষোদগার, তাঁহারা পেশায় সাংবাদিক ও সংবাদপত্রের আলোক-চিত্রী। ইঁহারা নিজেদের কর্তব্যপালনের জন্য গিয়াছিলেন উত্তর প্রদেশের রাজনৈতিক বিষয় সম্বন্ধে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে বি এস পি প্রধান কাঁসিরাম ও সম্ভাব্য মুখ্যমন্ত্রী মায়াবতীর নিকট। তাঁহাদের নিকট হইতে এই সাংবাদিকরা এইরূপ আপ্যায়ন পাইলেন এবং প্রহারের অভ্যর্থনাও লাভ করেন পুলিশের নিকট হইতে।

সাংবাদিকদের পথ কুসুমাস্তীর্ণ নয়, সত্য কথা কিন্তু গণ্যমান্য মুখ হইতে এমন অসভ্য ভাষাও কি তাঁহারা আশা করিবেন? কথায় শালীনতা থাকিবে না? বিচিত্র আজিকার ভারত!

## ॥ অযৌক্তিক ॥

দেশের ডাক ও টেলিকম বিভাগ ধর্মঘটের যে নমুনা দেখাইয়াছে, তাহা দেশের সর্বনাশের একটি পথের সন্ধান দিল। কেন্দ্রীয় সরকারী কর্মচারী (রেলবিভাগের) ঊর্ধ্বতম বোনাস উঠাইয়া দিবার ঘোষণার ফলে ডাক ও তার বিভাগের কর্মীরাও অনুরূপ দাবী করিতে থাকে এবং ইহার ফলশ্রুতি সারাদেশে ডাক ও টেলিকম ধর্মঘট। পর্বত প্রমাণ পত্রাদি বিভিন্ন স্থানে জমিয়া পড়িয়াছে। ইহারা বিলি হইবে না। ধর্মঘট একদিন হয়ত মিটিবে। কিন্তু এই সব পত্রাদি জলভাসি, না হয়, অগ্নিশায়ী হইবে। আর সারাদেশে ইতিমধ্যে এই ধর্মঘটের জন্য বিশাল আর্থিক ক্ষতি সাধিত হইল। অতঃপর দাম বাড়াইয়া ডাক বিভাগের, ভাড়া বাড়াইয়া রেলবিভাগের দাবী মানা হইবে। অন্যান্য বিভাগের কর্ম-চারীরা ভবিষ্যৎ সুবিধা আদায়ের প্রস্তুতি লইবে। অভাগা দেশের হইবে কী?

### ৩ বছরে কাজ শেষ করতে পারবো

(১ম পৃষ্ঠার পর)

পর্যন্ত শেষ হয়ে বন্ধ করতে হয়। ওদিকে 'এ' জোনের পাইপ লাইন বসানো এর মধ্যে শেষ হয়ে যাওয়ায়, এটিকেই আগে চালু করার ব্যবস্থা হয়। তবে এ প্রসঙ্গে যাঁরা এপার ওপার সম্বন্ধ নিয়ে ঘোঁট পাকাচ্ছেন তাঁরা ভুল করছেন। স্থানীয় একটি পত্রিকা লিখেছেন রঘুনাথগঞ্জ ছিল 'এ' জোনে এবং জঙ্গিপুর ছিল 'বি' জোনে, পরবর্তীতে নাকি ইচ্ছাকৃতভাবে জোন চেঞ্জ করা হয়েছে—এ কথা ঠিক নয়। পুরসভার পরিকল্পনার কাগজপত্র দেখলে এটা যে ভুল তথ্য তা সহজেই জানা যাবে। শুধুমাত্র টেকনিক্যাল অসুবিধার জন্য 'বি' জোনে এখনও কাজ করা সম্ভব হয়নি। দুটি জোনে এক সঙ্গে জল সরবরাহ শুরু করতে গেলে অযথা দুটির কাজই বিলম্বিত হত। সেদিকে চিন্তা করেই জঙ্গিপুরে 'এ' জোনের জল সরবরাহ আগেই শুরু করতে হয়েছে। এতে এপার ওপার ফিলিংস জাগিয়ে তোলা উচিৎ নয় বরং অন্যায় বলে পুরপতি জানান। তাঁকে আমাদের প্রতিনিধিদ্বয় প্রশ্ন করেন এপারের কাজ শেষ হতে কতদিন লাগবে এবং পুরসভা কাজ ত্বরান্বিত করতে কি ব্যবস্থা নিয়েছেন। উত্তরে পৌরপতি বলেন 'বি' জোনের নতুন পরিকল্পনা মত পুরসভা ডোমপাড়া গাড়ী-ঘাটের পাশে দ্বারিক ভগতের বাগানের নীচে গঙ্গার ধার বরাবর দক্ষিণ থেকে উত্তরে জায়গা অধিগ্রহণ করে গঙ্গার জল ট্রিটমেন্টের ব্যবস্থা করছে। কাজ শীঘ্রই শুরু হবে। সেখান থেকে পরিশুদ্ধ জল পাইপলাইন মারফৎ খড়খড়িরধারে নির্মিত ট্যাঙ্কিতে ভর্তি করে শহরে সরবরাহ হবে। রঘুনাথগঞ্জে জল সরবরাহের পাইপ লাইনের যে কাজ বাকী আছে, তা শেষ হতে প্রায় মাস ছয়েক লাগবে। আমি জোরের সঙ্গে বলতে পারি বছর তিনেকের মধ্যে 'বি' জোনের উদ্বোধন হবেই। এ ব্যাপারে টাকার বাধা দূর করতে সরকারী সাহায্য আমরা অবশ্যই পাবো। পুরপতিকে জলের ব্যাপারে এল, আই, সির কাছ থেকে ঋণ সম্বন্ধে প্রশ্ন করলে তিনি জানান ওটা শোধ হয়ে গিয়েছে। এই প্রসঙ্গে তিনি আরও বলেন রঘুনাথগঞ্জের কাজ বন্ধ হওয়ার মূলে ছিল তৎকালীন অবাম পুরসভার বেশ কিছু গাফিলতি। তাঁরা ঠিকমত তদ্বির তদারক করেননি সরকারী পর্য্যায়ে। যদিও সেটা আমি ধর্তব্যের মধ্যে আনছি না। কেননা দায়-দায়িত্ব এখন আমাদের। স্থানীয় একটি পত্রিকায় সেতু হলে তার উপর দিয়ে পাইপ টেনে রঘুনাথগঞ্জ পাড়ে এ জোন থেকে জল আনা হবে এ কথা মন্ত্রী বলেছেন বলে সংবাদ প্রকাশিত হয়েছে। সে সম্বন্ধে পুর-পতির বক্তব্য জানতে চাইলে তিনি বলেন মন্ত্রীর বক্তব্য পত্রিকায় সঠিকভাবে প্রকাশ হয়নি। মন্ত্রী বলেছিলেন সেতুটি হয়ে গেলে এ ব্যবস্থা করা যেতো। তাতে খরচও কম হতো এবং জলও নষ্ট হতো কম। মন্ত্রী কখনও বলেননি সেতু হলে ঐ কাজ হবে। পুরপতি বলেন এই ঘটনায় যারা এপার ওপার ফিলিংসকে জাগিয়ে একটা গোলমাল পাকাতে চাচ্ছে তাদের আমরা ধিক্কার জানাই। পুর-সভার প্রতিনিধি, আমরা সকলেই পুরশহরকে একটি শহর বলেই মনে করি। এবং সমস্ত নাগরিকই পুরসভার নাগরিক, এপার ওপার কথাটি বিভেদ সৃষ্টিমূলক। তিনি বলেন আমরা এই পুরশহরের সর্বাঙ্গীণ উন্নতি চাই। উন্নয়ন পরিকল্পনা ও পুরসভার আর্থিক উন্নতির স্বার্থেই আমরা পরিকল্পনা নিয়েছি গঙ্গাগর্ভের চরটিতে একটি পর্যটন কেন্দ্র করার। তার অর্থও পাওয়া গেছে। শীঘ্র কাজ শুরু হবে। এতে পর্যটকদের যাতায়াত বাড়বে, শহরের আর্থিক স্বচ্ছলতাও বাড়বে। পুরপতি সব শেষে জল সরবরাহের কাজের গতি আনতে 'বি' জোনের কাজকে ভাগ করে বিভিন্ন ঠিকাদার মারফৎ করা হবে বলে জানান। টেণ্ডারও করা হবে পৃথক পৃথকভাবে। অর্থাৎ জল ট্রিটমেন্টের এবং পাইপ লাইনের কাজে ৩/৪টি পৃথক টেণ্ডার করে যাতে তাড়াতাড়ি কাজ শেষ হয় সে ব্যবস্থা করবো। আমাদের প্রতিনিধিদ্বয় পুরপতির কাছে দাবী করেন জনগণ থেকে ক্ষুব্ধতা দূর করতে পুরবোর্ড থেকে পরিকল্পনাগুলি সম্বন্ধে একটি প্রচারপত্র বার করা হোক এবং স্থানীয় পত্রিকাতে বিবৃতি দেওয়া হোক। পুরপতি আমাদের এ বক্তব্য সমর্থন করেন ও সেটা করবেন বলে প্রতিশ্রুতি দেন।

## মন্ত্রী গৌতম দেবকে ডি-ওয়াই-এফ এর স্মারকপত্র

দিবাকর ঘোষ, ফরাক্কা : গত ১৬ অক্টোবর মালদা থেকে ফেরার পথে এনটিপিসির অতিথিশালায় বিশ্রামের সময় ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন মন্ত্রী গৌতম দেবকে একটি স্মারকপত্র দেন। দাবীগুলির মধ্যে ছিল ফরাক্কায় রাজ্য সরকারের প্রস্তাবিত আবাসন প্রকল্প শুরু করা, বাহাদুরপুর অঞ্চলে দূষণ মুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প ও বেনিয়াগ্রামে জলাধার নির্মাণ করে জল সরবরাহের ব্যবস্থা প্রভৃতি। মন্ত্রী বলেন ফরাক্কা বাঁধ প্রশাসন প্রকল্পের জন্য জমি দিতে দেরী করায় আবাসন প্রকল্প শুরু হতে দেরী হচ্ছে। তবে তা প্রায় সমাধান হয়ে এসেছে। বাহাদুরপুর অঞ্চলে জল সরবরাহ প্রকল্পটি এনটিপিসির সঙ্গে যৌথভাবে খুব শীঘ্র শুরু হবে। বেনিয়াগ্রাম জল সরবরাহ প্রকল্পটিও খুব শীঘ্র ব্যবস্থা নেওয়া হবে বলে মন্ত্রী প্রতিশ্রুতি দেন।

### ডি ওয়াই এফ এর দশম সম্মেলন

রঘুনাথগঞ্জ : স্থানীয় উচ্চ বিদ্যালয়ের নতুন ভবনে ডি ওয়াই এফের জঙ্গিপুর পৌর লোকাল কমিটির দশম সম্মেলন অনুষ্ঠিত হয়। পতাকা উত্তোলন ও উদ্বোধনী ভাষণ দেন জোনাল কমিটির সহ-সভাপতি সারথী মুখার্জী। সম্মেলনে উপস্থিত ছিলেন ১২টি প্রাথমিক কমিটির ৭৫ জন প্রতিনিধি। অভিনন্দন জানিয়ে সম্মেলনে ভাষণ দেন গিয়াসুদ্দিন। এ ছাড়াও ছিলেন অরুণ মুখার্জী, সাহাদাৎ হোসেন, জেলা সম্পাদক সচ্চিদানন্দ কাণ্ডারী। শ্রীকাণ্ডারী জাতীয় ও আন্তর্জাতিক পরিস্থিতি আলোচনা করেন ও আগামী দিনে যুবকদের করণীয় কি তা ব্যাখ্যা করেন। সম্মেলন থেকে মোহন মাহাতো সভাপতি, শত্রুঘ্ন সরকারকে সম্পাদক করে ২৫ জনের এক কমিটি গঠিত হয়।

## এনটিপিসির পরিচালনায় প্রদর্শনী ফুটবল খেলা

ফরাক্কা : গত ৬ অক্টোবর এনটিপিসির ২০ বছর পূর্তি উপলক্ষে করপোরেশনের পরিচালনায় পূর্বারুণ নেতাজী আউটডোর ষ্টেডিয়ামে কলকাতার ইষ্টবেঙ্গল ক্লাব বনাম টালিগঞ্জ অগ্রগামীর এক প্রদর্শনী ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়। শ্রী টি শঙ্করালিঙ্গম, জেনারেল ম্যানেজার, এনটিপিসি ক্রীড়ানুষ্ঠানটি উদ্বোধন করেন।

### ভারতীয় যুব মোর্চার রেলরোকো

রঘুনাথগঞ্জ : গত ৪ অক্টোবর সারা ভারতের সঙ্গে এখানেও ভারতীয় যুবমোর্চা রেলরোকো আন্দোলন করে। ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত আপ কামরূপ এক্সপ্রেস অবরোধ করা হয়। আন্দোলনের পটভূমিকা গুজরাটে অসাংবিধানিকভাবে রাষ্ট্রপতি শাসন প্রবর্তন সাংবিধানিক সরকারকে পদচ্যুত করা, লখুভাই প্যাটেল প্রতারণা মামলা ইত্যাদি অভিযোগে অভিযুক্ত প্রাক্তন প্রধান মন্ত্রী নরসিমা রাও এর শাস্তির দাবী ইত্যাদির প্রতিবাদে সর্বস্তরের মানুষ এই আন্দোলনে ভারতীয় যুবমোর্চার সামিল হন বলে জানা যায়।

### গণতান্ত্রিক যুব ফেডারেশনের সম্মেলন

রঘুনাথগঞ্জ : স্থানীয় সুজাপুর প্রাথমিক বিদ্যালয়ে ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের ১০ম সম্মেলন অনুষ্ঠিত হয় গত ১৪ অক্টোবর। সম্মেলনে উপস্থিত ছিলেন গণতান্ত্রিক আন্দোলনের নেতা উদয় ঘোষ, সাহাদাত হোসেন, প্রাণগোপাল মুখার্জী, শত্রুঘ্ন সরকার, সারথী মুখার্জী প্রমুখ। সর্বসম্মতিক্রমে বুলবুল ইসলাম সম্পাদক ও মদন সরকার সভাপতি নির্বাচিত হন।

## সেবাশিবির ক্লাবের পঞ্চাশ বছর পূর্তি উৎসব

রঘুনাথগঞ্জ : গত ১২ অক্টোবর থেকে সপ্তাহ-ব্যাপী নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সেবাশিবির ক্লাবের পঞ্চাশ বৎসর পূর্তি উৎসব পালিত হয়। শহরের সুপ্রাচীন এই ক্লাবটি প্রতিষ্ঠা করেন তৎকালীন যুগের খেলাধূলা প্রিয় মানুষ স্বর্গীয় সাকেতরঞ্জন ব্রহ্ম। তাঁর নিজস্ব এলাকাধীন বিশাল জায়গাটি ক্লাবের উদ্দেশ্যে দান করেন। ব্যায়াম, কুচকাওয়াজ ও নানান খেলাধূলা শেখানো হতো এই ক্লাবে প্রয়াত ব্রহ্মের পরিচালনায়। ওয়েটলিফটিং, বক্সিং প্রভৃতি প্রতিযোগিতায় এই ক্লাবের সদস্যরা এককালে প্রাদেশিক ও জেলাস্তরের প্রতি-যোগিতায় বেশ কয়েকবার শ্রেষ্ঠত্বের স্বীকৃতিও পান।

### পেট্রোলপাম্পে ডাকাতি

ধুলিয়ান : সম্প্রতি ৩৪ নং জাতীয় সড়কের তারাপুর টিবি হাসপাতালের পাশে মেনরোড ঘেঁসা পেট্রোল পাম্প থেকে ৪/৫ জন দুর্বৃত্ত হানা দিয়ে ৫০ হাজার টাকা লুঠ করে। খবর ঐ দিন সন্ধ্যের মুখে একটি ব্রাউন এ্যাম্বাসাডারে দুর্বৃত্তরা পেট্রোলপাম্পের অফিসে চড়াও হয়ে ডাকাতি করে পালিয়ে যায়। পরে ঐ দিনই ফরাক্কার কাছে পুলিশ এ্যাম্বাসাডারটিকে ধরে। চালক গ্রেপ্তার হয়। কিন্তু টাকাকড়ি বা কোন দুর্বৃত্তের সন্ধান মেলেনি।


### জমি বিক্রয়

গদাইপুর মৌজায় ৩৪ নং জাতীয় সড়ক সংলগ্ন (পূর্বদিকে) ১৯০ দাগের জমি ক্রয়েচ্ছু ব্যক্তি সদরঘাট নিবাসী শিবরাম সাহার সহিত সাক্ষাৎ করুন।


### নোটিশ

সাগরদীঘি আই, সি, ডি, এস প্রোজেক্টে ১৯৯৭ সালের জন্য ষ্টোরিং, ক্যারিং এর জন্য টেণ্ডার আহ্বান করা হইতেছে। টেণ্ডার জমা দেবার শেষ তারিখ ১৩ই নভেম্বর, ১৯৯৬। বিশদ বিবরণের জন্য সি, ডি, পি, ও অফিস সাগরদীঘিতে যোগাযোগ করুন।

Child Dev. Project Officer
Sagardighi I. C. D. S. Project
Murshidabad


শুভ বিজয়ার সাদর সম্ভাষণ জানাই—

এখানে বাংলা, ইংরেজী ও হিন্দীতে যে কোন রবার ষ্ট্যাম্প এক ঘণ্টার মধ্যে সরবরাহ করা হয়।

**বন্ধু কর্ণার**

অজিত বারিক, রঘুনাথগঞ্জ ফাঁসিতলা

ফুলতলায় প্রধান রাস্তার ধারে ৩ শতক জায়গার উপর ব্যবসার উপযোগী একখানি ঘর ফাঁকা অবস্থায় বিক্রি হইবে।

যোগাযোগ :
শ্রীরমাপতি মণ্ডল
সুভাষপল্লী : রঘুনাথগঞ্জ

## রাজ্য নেট বলে জঙ্গিপুরের ছেলে

জঙ্গিপুর : রাজ্য নেট বলে স্থানীয় মহাবীর সংঘের সিদ্ধার্থশঙ্কর সাহা নির্বাচিত হয়েছেন। জাতীয় দলে নির্বাচনের জন্য কেরলে যে কোচিং চলছে ওই ক্যাম্পে বর্তমানে সিদ্ধার্থ আছেন বলে জানা যায়। পরবর্তীতে জাতীয় মূল দলে নির্বাচিত হতে পারলে তাঁর শ্রীলঙ্কায় খেলতে যাবার সম্ভাবনা আছে।

### জাতীয় সড়কে দুর্ধর্ষ ডাকাতি ( ১ম পৃষ্ঠার পর )

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ঢুকিয়ে দিয়ে দুষ্কৃতীরা চম্পট দেয়। টাকা, হাতঘড়ি ও গয়না মিলে প্রায় সাড়ে সাত লক্ষ টাকা লুঠ হয় বলে পুলিশ সূত্রে খবর। তবে মহকুমা পুলিশ প্রশাসক ও সিআই এর তৎপরতায় জাতীয় সড়ক ও মনিগ্রাম রেল ষ্টেশনের মধ্যে পাউলী গ্রাম থেকে কালিয়াচকের শুকুল বিশ্বাস ও নুরুল সেখ ধরা পড়ে। তাদের কাছ থেকে চার লক্ষ টাকা উদ্ধার হয় বলে খবর।

### শহরের বুকে গ্রাম্য দলাদলি ( ১ম পৃষ্ঠার পর )

তার পরিপ্রেক্ষিতে পুলিশ জীতেনকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে ও তার জবানবন্দী নেয়। বিজেপির স্থানীয় নেতা চিত্ত মুখার্জী জানান, যেহেতু ভীষ্ম হালদারকে সিপিএম মদত যোগাচ্ছে ও ভীষ্মের ভাই নিত্য হালদার একজন হোমগার্ড সেকারণেই পুলিশ ভীষ্মের হয়ে জীতেনকে গ্রেপ্তার করে চাপ দিয়ে নিজেদের খুশিমত জবানবন্দী লিখিয়ে নেয়। এবং ভীষ্ম হালদারের নিরাপত্তার প্রয়োজনে পুলিশ ক্যাম্প দেওয়া হয়। এসডিপিওর কাছে আজ ৩০ অক্টোবর সমস্ত ঘটনা জানিয়ে হোমগার্ড নিত্য হালদারের বিরুদ্ধে ডেপুটেশন দেওয়া হলে এসডিপিও নিত্য হালদারের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার আশ্বাস দেন।

2 YEARS WARRANTY

WEBEL NICCO TV

Dealer :
Bharat Electronics
Raghunathganj ✪ Phone : 66-321
Sengupta Elcetronics
Raghunathganj, Murshidabad

৺বিজয়ার সাদর আমন্ত্রণ—
চন্দ্র বস্ত্রালয়
রেশম খাদি এবং তাঁতবস্ত্র বিক্রয় কেন্দ্র
বাজারপাড়া ★ রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
গান্ধী জয়ন্তী এবং ৺পূজা উপলক্ষে
বিশেষ রিবেট দেওয়া হচ্ছে।
খাদি বস্ত্রে ৩০%, পলি খাদি ২০%, স্পান সিল্ক ৩০%,
ব্লেন্ড সিল্ক ২০%, তাঁত বস্ত্রে ২০%।
এপিয়ারী মধু এখানেই পাওয়া যায়।

শুভ বিজয়ার অভিনন্দন গ্রহণ করুন :—

পছন্দসই টেকসই
সব বয়সেই
মানানসই

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ
( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেণ্টার )
রেজিষ্ট্রী নং - ২০ ॥ তারিখ—২১-২-৮০
গ্রাম মির্জাপুর ● পোঃ গনকর ● জেলা মুর্শিদাবাদ
ফোন নং—৬২০২৭

ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল, জামদানী জাকার্ড, সাটিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়। সরকার প্রদত্ত ডিসকাউণ্ট ( ছাড় ) দেওয়া হয়।
॥ সততাই আমাদের মূলধন ॥
সনাতন দাস — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
সনাতন কালিদহ — সম্পাদক

বিশেষ আকর্ষণ : ভাইফোঁটা উপলক্ষে বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই কোবরা ছাপা শাড়ী সেলে ১৫০ টাকায় দেওয়া হচ্ছে।

আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
মির্জাপুর ॥ গনকর
ফোন নং : গনকর ৬২০২৯

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।